

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
আইসিটি সেল  
www.mofl.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.০৭.০০২.২৩.৩৮

তারিখ: ১ ফাল্গুন ১৪২৯

১৪ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: 'স্মার্ট বাংলাদেশ টাঙ্কফোর্সের নির্বাহী কমিটির' ১ম সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ৫৬.০০.০০০০.০৫৮.০৬.০০২.২২.৯  
০৫ ফেব্রুয়ারি ২০২৩

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, গত ১৩/১১/২০২২ খ্রিঃ তারিখে বিকাল ০৩:০০ ঘটিকায় ড. আহমেদ কায়কাউস, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত 'স্মার্ট বাংলাদেশ টাঙ্কফোর্সের নির্বাহী কমিটির' ১ম সভার সিদ্ধান্ত ১.২, ১.২১ ও ১.২২ নং -এর বাস্তবায়ন অগ্রগতি প্রস্তুত করা হয়েছে যা নিম্নে উপস্থাপন করা হলোঃ

সিদ্ধান্ত নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	বাস্তবায়ন অগ্রগতি
১.২	দেশের সকল পর্যায়ে 'স্মার্ট বাংলাদেশ' ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক	'স্মার্ট বাংলাদেশ' ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের লক্ষ্যে অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটের ই-সার্ভিস মেন্যুর অভ্যন্তরে "স্মার্ট বাংলাদেশ কর্নার" নামে একটি সাবমেন্যু খোলা হয়েছে। উক্ত সাবমেন্যুর অভ্যন্তরে স্মার্ট বাংলাদেশ বাস্তবায়ন অগ্রগতি, ৪র্থ শিল্প-বিপ্লব সংক্রান্ত ভবিষ্যৎ প্রকল্পসমূহ এবং ৪র্থ শিল্প-বিপ্লব সংক্রান্ত অন্যান্য তথ্যসহ যাবতীয় তথ্য নিয়মিত আপলোড করা হচ্ছে এবং মন্ত্রণালয়ের Facebook গ্রুপে শেয়ার করা হচ্ছে।
১.২১	সকল ডিজিটাল-সেবাকে কেন্দ্রীয়ভাবে সমন্বিত ক্লাউড-এর আওতায় নিয়ে আসার উদ্যোগ গ্রহণ করতে হবে।	সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সকল ডিজিটাল-সেবাকে কেন্দ্রীয়ভাবে সমন্বিত ক্লাউড-এর আওতায় নিয়ে আসার জন্য জাতীয় ডাটা সেন্টার থেকে ক্লাউড এবং ডিপিএস সেবা গ্রহণের নিমিত্ত গত ০৭ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিঃ তারিখে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে পত্র (স্মারক নংঃ ৩৩.০০.০০০০.১৫২.১১.০০১.১৭.৩২) প্রেরণ করা হয়।
১.২২	সরকারের সংস্থাসমূহ পারস্পরিক প্রয়োজনে তাদের মধ্যে ডাটা শেয়ার করবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ দ্রুত এ সংক্রান্ত একটি নীতিমালা প্রণয়ন করবে।	সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন "Integrated Digital Service Delivery Platform" (IDSDP) এর মাধ্যমে মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ পারস্পরিক প্রয়োজনে তাদের মধ্যে ডাটা শেয়ার করতে পারবে। এছাড়াও প্রয়োজনে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সাথে ডাটা শেয়ার করা যাবে।

এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।



১৪-২-২০২৩

মোঃ ইলিয়াস হোসেন

সিস্টেম এনালিস্ট

ফোন: ৫৫১০০৪৩৯

ইমেইল: sa@mofl.gov.bd

সচিব

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.০৭.০০২.২৩.৩৮/১

তারিখ: ১ ফাল্গুন ১৪২৯

১৪ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৩) অফিস কপি



১৪-২-২০২৩

মোঃ ইলিয়াস হোসেন

সিস্টেম এনালিস্ট